# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**07 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) ১২ মে বি জে পি নেতৃত্বাধীন এন ডি এ সরকারের তৃতীয় কার্যকালের জন্য শপথগ্রহণ । মূখ্য অতিথি হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অংশগ্রহণ ।

২) বিধানসভা নির্বাচন সম্পন্ন হওয়া রাজ্যসমূহ থেকে নির্বাচনী আচরণ বিধি প্রত্যাহার ।

৩) সমগ্র দেশে আজ অপারেশন সিন্দুরের প্রথম বর্ষপূর্তি পালন ।

৪) উত্তর-পূর্বাঞ্চলের আয়কর বিভাগের উদ্যোগে দিসপুরের কর ভবনে প্রারম্ভ ২০২৬ শীর্ষক বিশেষ কার্যসূচী ।

এবং

৫) শিলচর রামনগর থেকে বিস্ফোরক সামগ্রী সহ দুজন ব্যাক্তি আটক ।

---

আসামে বিজেপি নেতৃত্বাধীন এন ডি এ সরকার আগামী ১২ ই মে তৃতীয় কার্যকালের জন্য শপথ গ্রহণ করবে । ইতিমধ্যে শপথ গ্রহণ প্রক্রিয়া সুষ্ঠুভাবে অনুষ্ঠিত করার জন্য রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া সহ বিজেপি দলের প্রবীন নেতাদের উপস্থিতিতে বশিষ্ঠর অটল বিহারী বাজপেয়ী ভবনে আজ এক প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকের পর সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় রাজ্য বিজেপির সভাপতি দিলীপ শইকীয়া ১২ ই মে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয় খেলার মাঠে নতুন সরকার শপথ গ্রহণ করবে বলে জানান । তিনি আরো জানান, শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং শ্রী মোদী শপথ গ্রহণ অনুষ্ঠানের দিন সকাল ১০ টা ১০ মিনিটে বরঝার লোকপ্রিয়

গোপীনাথ বরদলৈ আৰ্ন্তজাতিক বিমান বন্দরে উপস্থিত হবেন । বিমান বন্দর থেকে হেলিকপ্টারে নারেংগীর হেলিপেডে অবতরণ করে বেলা ১১ টায় শপথ গ্রহণ অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অংশ গ্রহণ করবেন ।শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , বিজেপির জাতীয় সভাপতি নীতিন নবীন সহ এন ডি এ শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রী , উপমুখ্যমন্ত্রীগণ উপস্থিত থাকবেন । এছাড়া বিজেপি দলের বহু কেন্দ্রীয় নেতাও এই কার্যসূচীতে অংশ গ্রহণ করবেন বলে শ্রী শইকীয়া সাংবাদিকদের জানান । আগামী ১০ ই মে বিজেপি বিধায়িনী দলের বৈঠক অনুষ্ঠিত হবে । এই বৈঠকে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে প্রাক্তন জাতীয় সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা ও হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সাইনী উপস্থিত থেকে বিধায়িনী দলের নেতা নির্বাচন করবেন বলে তিনি জানান।

---------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন নির্বাচন সম্পন্ন হোয়া রাজ্যগুলি থেকে নির্বাচনী আচরণবিধি প্রত্যাহার করেছে । কমিশন আজ এক নির্দেশে আসাম , কেরলম , তামিলনাড়ু , পশ্চিমবংগ ও পদুচেরীতে নির্বাচনের ফলাফল ঘোষনা হোয়ার পর তাৎক্ষনিকভাবে নির্বাচনী আচরণ বিধি প্রত্যাহার করা হয়েছে বলে ঘোষনা করেছে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ অপারেশন সিন্দুরের প্রথম বর্ষপূর্তি পালন করা হয়েছে । গতবছর আজকের দিনে ভারত অপারেশন সিন্দুরের অধীনে পাকিস্তান তথা পাকিস্তান অধিকৃত কাশ্মীরের ৯ টি সন্ত্রাসবাদী ঘাঁটিতে আক্রমণ চালিয়েছিলো । গত বছর ২২ এপ্রিল পাকিস্তানের পৃষ্ঠপোষকতায় সন্ত্রাসবাদীদের পেহেলগামে পর্যটকের ওপর চালানো আক্রমণের প্রত্যুত্তরে এই অভিজানে কমপক্ষে ১০০ জন সন্ত্রাসবাদী নিহত হয়েছিলো । রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু অপারেশন সিন্দুরকে সন্ত্রাসবাদ ও দেশের সার্বভৌমত্ব ও নাগরিকদের সুরক্ষার প্রতি হুমকি প্রদানকারী সব শক্তির বিরুদ্ধে অটুট সংকল্পের প্রমাণ বলে অভিহিত করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে এই অভিযানের অভুতপূর্ব সাফল্য দেশের সশস্ত্র বাহিনীসমূহের অদম্য সাহস ও দৃঢ়তাকে প্রতিফলিত করে ।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন অপারেশন সিন্দুরকে সন্ত্রাসবাদী শক্তি তথা দেশের শান্তি ,একতা ও সার্বভৌমত্ব বিঘ্নিতকারীদের বিরুদ্ধে নির্ণায়ক ক্ষণ বলে মন্তব্য করেন ।

এ উপলক্ষ্যে সামাজিক মাধ্যমে এক বার্তায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন যে দেশ সন্ত্রাসবাদকে পরাজিত করারসংকল্পে অটল রয়েছে । তিনি বলেন সশস্ত্র বাহিনীসমূহ

অপারেশন সিন্দুরের সময় অভুতপূর্ব সাহস ও দৃঢ়তা প্রদর্শন করেছে এবং যোগ্য প্রত্যুত্তর দিয়েছে ।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং অপারেশন সিন্দুরের বর্ষপূর্তি উপলক্ষ্যে সশস্ত্র বাহিনীসমূহের সাহস ও ত্যাগের প্রশংসা করেন । তিনি সামাজিক মাধ্যমে এক বার্তায় সশস্ত্র বাহিনীসমূহের সাহস ও নিষ্ঠা দেশকে সুরক্ষিত রেখেছে বলে উল্লেখ করেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সিন্দুর অভিযান দেশের শত্রুদের সর্বদা আমাদের সশস্ত্র বাহিনীর শক্তির বিষয়ে স্মরণ করিয়ে দেবে বলে উল্লেখ করেন । এই অভিযানের বর্ষপূর্তি উপলক্ষ্যে এক বার্তায় শ্রী শাহ দেশের বাহিনীসমূহের অদম্য সাহসের প্রতি প্রণাম জানান ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় শ্রম ও নিয়োগ মন্ত্রী ডা:মনসুখ মান্ডভিয়া আজ নতুন দিল্লীর কর্মচারী রাজ্য বীমা নিগমের চিকিৎসা মহাবিদ্যালয় ও চিকিৎসালয়ে ৪০ বছরের উর্দ্ধে কর্মচারীদের জন্য দেশব্যাপী বার্ষিক স্বাস্থ্য পরীক্ষা অভিযান আরম্ভ করেন । এই অভিযানের সূচনা করে মন্ত্রী বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে বিগত ১২ বছরে দেশের কর্ম ও যুব শক্তির প্রতি সম্মান যথেষ্ট বৃদ্ধি পেয়েছে । তিনি বলেন সরকার কর্মসংস্থাপনের সুযোগ সৃষ্টির জন্য নিরন্তর প্রয়াস চালিয়ে আসছে এবং এধরণের প্রচেষ্টার ফলে বেকারত্বের হার প্রায় তিন দশমিক ২ শতাংশ পর্যন্ত হ্রাস পেয়েছে ।

-----------------------------------------------------------------------------------

উত্তরপূর্বাঞ্চলের আয়কর বিভাগের উদ্যোগে আজ দিসপুরের কর ভবনের প্রেক্ষাগৃহে প্রারম্ভ ২০২৬ শীর্ষক বিশেষ কার্যসূচী অনুষ্ঠিত হয় । আয়কর আইন ২০২৫ ও আয়কর অধিনিয়ম ২০২৬ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে আয়কর বিভাগ সমগ্র দেশজুড়ে সচেতনতা অভিযানের অংশ হিসেবে এই কার্যসূচীর আয়োজন করেছে। প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে আরম্ভ হোয়া এই অনুষ্ঠানে উত্তরপূর্বাঞ্চলের আয়কর বিভাগের মুখ্য আয়ুক্ত এন লংওয়াই প্রারম্ভ কার্যসূচীর বিষয়ে বক্তব্য রাখেন ।তিনি বলেন যে করদাতাদের নতুন আয়কর আইন ২০২৫ এর বিষয়ে সচেতন করার উদ্দেশ্যে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ গত ২০ শে মার্চ প্রারম্ভ কার্যসূচীর সূচণা করেছিলেন । চলতি বছরের পয়লা এপ্রিল থেকে কার্যকর হোয়া নতুন আয়কর আইন পূর্বের কর পরিকাঠামো সরল করে তুলবে বলে শ্রীমতী লংওয়াই জানান । তার আগামী ১৪ ই মে শিলং , ইম্ফাল , আইজল , ডিমাপুর ও আগরতলায় এই প্রারম্ভ কার্যসূচী আয়োজন করার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন ।

অনুষ্ঠানে অংশ নিয়ে আয়কর বিভাগের অবসরপ্রাপ্ত মুখ্য আয়ুক্ত অশোক কুমার ঝা আয়কর আইন ১৯৬১ র সরলীকরণ সম্পর্কে বিস্তারিত ব্যাখ্যা করেন । শ্রী ঝা আয়কর আইন ১৯৬১ র আয়কর আইনের বৃহৎ সংস্কারের বিষয়ে উল্লেখ করে সংশোধিত পদ্ধতি তথা প্রপত্রগুলির বিষয়ে বিস্তারিতভাবে জানান । তিনি নতুন আয়কর আইন ২০২৫ জনসাধারণকে উপকৃত করবে বলে আশা প্রকাশ করেন ।

আজকের অনুষ্ঠানে আর্থিক প্রতিষ্ঠান , ব্যবসায়ী , ছাত্র ছাত্রী সহ বিভিন্ন অংশীদাররা অংশ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ গোপন সূত্রের খবরের ভিত্তিতে শিলচর রামনগর এফ সি আই রোডে থাকা আক্রম আলীর বাসগৃহে অভিযান চালিয়ে ইতালিতে নির্মিত নাইন এম এম পিস্তল , পাঁচ রাউন্ড গুলি , একটি চাইনিজ টাইপ গ্রেনেড , কিছু নথি-পত্র এবং একটি মোবাইল ফোন জব্দ করেছে । ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ লেইশ্রম টিকেন মেইতেই এবং মোনালিসা চানু নামের একজন মহিলাকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

এ বিষয়ে অতিরিক্ত পুলিশ সুপার ( ক্রাইম ব্রাঞ্চ) রজত পল আমাদের সংবাদদাতাকে জানান-- বাইট

---------------------------------------------------------------------------------------

বরাকের উদীয়মান ভাস্কর্য শিল্পী ডক্টর বিনয় পাল ২০২৫-২৬ বছরের সম্মানীয় টেগর জাতীয় বৃত্তির জন্য মনোনীত হয়েছেন । ডক্টর পাল মূলত উত্তর-পূর্বের পাবলিক আর্টের গবেষনার জন্য এই বৃত্তি পাবেন । উত্তর-পূর্বে প্রাক স্বাধীনতা যুগ থেকে সামাজিক , অর্থনৈতিক পরিবর্তনের রূপ ভাস্কর্য দেওয়াল চিত্রসহ বিভিন্ন গণশিল্পে কিভাবে প্রতিফলিত হয়েছে , তা নিয়ে বিস্তারিত গবেষনা করবেন ডক্টর পাল ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আগামী ৯ই মে জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে । হাইলাকান্দি জেলা ও দায়রা জজ আদালত প্রাঙ্গনে জাতীয় লোক আদালত অনুষ্টিত হবে । লোক আদালতে  জেলার বিভিন্ন আদালতে বিচারাধীন থাকা আপোষ মিমাংসাযোগ্য দেওয়ানী ও ফৌজদারী মামলাগুলির নিষ্পত্তি করা হবে । এছাড়া জাতীয় লোক আদালতে বিচারাধীন মামলা ছাড়াও মামলা দাখিলের আগে বিভিন্ন বিবাদের নিষ্পত্তি করা হবে ।  জেলা আইন সেবা কর্তৃপক্ষ থেকে জাতীয় লোক আদালতের সুযোগ গ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসন ও জেলা দূর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের উদ্যোগে চলতি মরশুমে জেলায় বন্যা সহ অন্যান্য প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলায় জনস্বার্থে বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহন করা হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তী জারী করে জানিয়েছেন যে দূর্যোগকালীন সময়ে উদ্ধার কাজে কোন প্রকারের বিলম্ব বা পরিষেবায় ব্যর্থতা বরদাস্ত করা হবে না । জরুরী পরিস্থিতিতে কোন অজুহাত গ্রহনযোগ্য হবে না বলে বিজ্ঞপ্তীতে সর্তক করা হয়েছে । পাশাপাশি বন্যা বা এ ধরনের দূর্যোগ পরবর্তী পুর্নবাসন ও ত্রান কার্যে স্বচ্ছতা বজায় রাখার লক্ষে জেলা প্রশাসন থেকে জনসাধারনের অভাব-অভিযোগ সরাসরি শোনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । এ বিষয়ে শ্রীভুমি সদর , বদরপুর , নিলাম বাজার , পাথারকান্দি ও রামকৃষ্ণ নগর রাজস্ব চক্রের আধিকারীকদের অবিলম্বে জনসভা ডাকার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------